# বাংলা বিভাগ অ্যালামনাই

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রধান কার্যালয়: কক্ষ ১৪৬, শহীদুল্লাহ কলাভবন, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়


তারিখ ঃ ১৩.০৭.২০১৮
সভার স্থান ঃ ১৪৯ নং কক্ষ, শহীদুল্লাহ কলাভবন
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয় এর নবনির্বাচিত দ্বিতীয় কার্যনির্বাহী পরিষদের দ্বিতীয় সভার কার্যবিবরণী

বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয় এর কার্যনির্বাহী পরিষদের দ্বিতীয় সভা ১৩ জুলাই,২০১৮ শুক্রবার বিকেল ৪টায় ১৪৯ নং কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলা বিভাগ অ্যালামনাই এর সভাপতি কবি আপেল আবদুল্লাহ। সভা পরিচালনা করেন বাংলা বিভাগ অ্যালামনাই এর সাধারণ সম্পাদক প্রফেসর ড.পি.এম.সফিকুল ইসলাম।

আলোচ্যসূচি অনুযায়ী উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশ নেন। এছাড়া গঠনতন্ত্র অনুযায়ী কার্যনির্বাহী পরিষদের দ্বি-বার্ষিক সাধারণ সভার আয়-ব্যায়সহ বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**সিদ্ধান্তসমূহ ঃ**

১। বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ১টি সংশোধনীসহ দৃঢ় করা হয়। সংশোধনী অনুসারে বাংলা বিভাগের শিক্ষার্থীদের মধ্যে থেকে প্রতি বছর এম.এ. পরীক্ষায় যিনি প্রথম স্থান অধিকার করবেন তাঁকে ‘অধ্যক্ষ আব্দুল জলিল মিয়া মেধা পুরস্কার, তৃতীয় বর্ষ সম্মান পরীক্ষায় যিনি প্রথম স্থান অধিকার করবেন তাকে ‘জাহানারা বেগম স্মৃতি পুরস্কার’ এবং দ্বিতীয় বর্ষ সম্মান পরীক্ষায় যিনি প্রথম স্থান পাবেন তাঁকে আলহাজ্ব আবদুল হাই স্মৃতি পুরস্কারে ভুষিত করা হবে। পুরস্কার সমূহের মূল্যমান হবে এককালীন ১০ হাজার টাকা ও সনদপত্র। যথাক্রমে প্রফেসর পি. এম. সফিকুল ইসলাম, ড. মোঃ আবদুল আলীম এবং মোঃ গোলাম মোস্তফা জিন্নাহ এ পুরস্কারসমূহ প্রবর্তনে এগিয়ে এসেছেন। প্রতিবছরই এসব পুরস্কার দেয়া হবে।

২। সভায় বাংলা বিভাগ অ্যালামনাই ২য় সম্মিলনের আয়-ব্যায়ের বিস্তারিতভাবে আলোচনা ও নিরীক্ষা পর্যালোচনার পর সম্মিলনের মোট আয় ২২,৭৩,৭১৫/- (বাইশ লক্ষ তিয়াত্তর হাজার সাতশত পনের) টাকা এবং ব্যায়ের পরিমান ১৮,৬০,৫১৯/- (আঠার লক্ষ ষাট হাজার পাঁচশত উনিশ) টাকা অনুমোদন দেয়া হয়। সম্মিলনের খরচ বাদে এ সম্মিলন থেকে উদ্বৃত্ত আয়ের পরিমান ৪,১৩,১৯৬/-(চার লক্ষ তের হাজার একশত ছিয়ানব্বই) টাকা।

৩। বাংলা বিভাগ অ্যালামনাই-এর এ পর্যন্ত প্রকাশিত সকল দলিলপত্র ও স্যুভেনিরগুলো একত্রিত করে সমস্ত কার্যক্রমের ডকুমেন্ট একত্রে বাঁধাই করে রেকর্ড সংগ্রহে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণ করেন।

আপেল আবদুল্লাহ
সভাপতি
বাংলা বিভাগ অ্যালামনাই
রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রফেসর ড. পি এম সফিকুল ইসলাম
সাধারণ সম্পাদক
বাংলা বিভাগ অ্যালামনাই
রাজশাহী বিশ্ববিদ্যালয়